আল-লাজনাতুশ শারইয়্যাহ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ
اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ
fatwaa.org

ফাতওয়া নাম্বার: ৫৪০ প্রকাশকালঃ২৯-০২-২০২৫ ইং

# ডিসকাউন্টে কেনার জন্য কোনো পণ্য কি অবিক্রিত অবস্থায় রেখে দেওয়া যাবে?

**প্রশ্ন:**

আমি একটি মার্কেটে কাজ করি। এখানে রমজান ছাড়া সব সময় পণ্যে বিভিন্ন ছাড় দেওয়া হয়। আমরা কয়েকজন অনেক লম্বা সময় পর্যন্ত কিছু পণ্য রেখে দিই। পরবর্তীতে ডিসকাউন্টের সময় সেগুলো কম দামে ক্রয় করি। এ কাজটি কি আমাদের জন্য ঠিক হচ্ছে?

-মুহাম্মাদ রানা

**উত্তর:**

بسم الله الرحمن الرحيم

আপনার প্রশ্ন থেকে যা বুঝা যাচ্ছে, আপনারা কয়েকজন কর্মচারী ইচ্ছেকৃত কিছু পণ্য বিক্রি না করে আটকে রাখেন, যেন পরে মালিকপক্ষ তাতে ডিসকাউন্ট প্রদান করে, আর সেই সুযোগে আপনারা কম দামে তা ক্রয় করে নিতে পারেন। যদি বিষয়টা এমনই হয়, তবে তা নিঃসন্দেহে হারাম ও নাজায়েয। এতে অন্যায়ভাবে মালিকপক্ষের ক্ষতি করা হচ্ছে। -সুনানে ইবনে মাজাহ: ৩/৪৩০ হাদীস: ২৩৪০ (দারুল রিসালাতিল আলামিয়্যাহ); জামিউল উলুমি ওয়াল হিকাম: ২/২১২ (আর-রিসালাহ) শরহুল কাওয়ায়িদিল ফিকহিয়্যাহ, পৃ: ১৬৫ (দারুল কলম)

একটি ব্যবসা প্রতিষ্ঠান কর্মচারীদের হাতে মালিকের আমানত। একজন কর্মচারীর দায়িত্ব সেই আমানত রক্ষা করা এবং কীভাবে মালিকের একটু বেশি লাভ হয় সেই চেষ্টা করা। তা না করে এমন কোনো পন্থা অবলম্বন করা, যাতে মালিক ক্ষতিগ্রস্ত হয় তা সুস্পষ্ট খেয়ানত ও গাদ্দারী, যা একজন মুসলিম করতে পারে না। আল্লাহ তাআলা বলেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَخُونُوا اللَّهَ وَالرَّسُولَ وَتَخُونُوا أَمَانَاتِكُمْ وَأَنْتُمْ تَعْلَمُونَ. –الأنفال: ٢٧

“হে মুমিনগণ! আল্লাহ ও রাসূলের সঙ্গে বিশ্বাসঘাতকতা করো না এবং জেনে-শুনে নিজেদের আমানতের খেয়ানত করো না।” –সূরা আনফাল (০৮) : ২৭

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

آية المنافق ثلاث: إذا حدث كذب، وإذا وعد أخلف، وإذا اؤتمن خان. – صحيح البخاري (٣٣) صحيح مسلم (٥٩)

“মুনাফিকের আলামত তিনটিঃ (১) যখন কথা বলে মিথ্যা বলে (২) যখন ওয়াদা করে ভঙ্গ করে এবং (৩) যখন আমানত রাখা হয় খেয়ানত করে।” -সহীহ বুখারী: ৩৩; সহীহ মুসলিম: ৫৯

**فقط، والله تعالى أعلم بالصواب**

**আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)**

১৫-০৮-১৪৪৬ হি.
১৫-০২-২০২৫ ঈ.